নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩২৭ ২৩ নভেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# সমঝোতা স্মারক অনুমোদনের লক্ষ্যে নোবিপ্রবির সঙ্গে বিএফআরআই এর পর্যালোচনা সভা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে সমঝোতা স্মারক অনুমোদনের লক্ষ্যে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) এর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (২৩ নভেম্বর ২০২৫) বাংলাদেশ সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব আবু তাহের মুহাম্মদ জাবের।

সভায় নোবিপ্রবির পক্ষে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল, নোবিপ্রবি ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের চেয়ারম্যান ড. মেহেদী মাহমুদুল হাসান ও অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল মামুন। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. লতিফুল ইসলাম ও ড. মো. আমিরুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আশরাফুল আলম, ড. পারভেজ চৌধুরী, বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব আল-আমিন এবং প্রশাসনিক কর্মকর্তা জনাব মো. রুহুল আমীন।

সভায় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বিশ্ববিদ্যালয়ের ওপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন এবং সমঝোতা স্মারক স্বাক্ষরের যৌক্তিকতা তুলে ধরেন।

প্রসঙ্গত, চূড়ান্ত পর্যায়ে এ সমঝোতা স্মারক অনুমোদিত হলে এর মাধ্যমে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এ সংশ্লিষ্ট বিভাগসমূহের জন্য গবেষণা ক্ষেত্রে একটি নব দিগন্তের দ্বার উন্মোচিত হবে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪